# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD


**বোর্ড সচিবালয়**
পানি ভবন (লেভেল-৭), ৭২ গ্রীন রোড, ঢাকা- ১২০৫
ফোন:+৮৮ ০২ ২২২২৩০০৫৩
ই-মেইল: bwdbsecretary@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

**Board Secretariat**
PaniBhaban (Level-7), 72 Green Road, Dhaka-1205
Phone: +88 02 222230053
E-mail: bwdbsecretary@gmail.com
Website: www.bwdb.gov.bd


স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯-১৮৫

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ / ০১ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

## দপ্তরাদেশ

পানি সম্পদ মন্ত্রণালয়ের উন্নয়ন-০২ শাখার স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৫.১৬.০০৫.১৮-৫০ তারিখ: ২৭ মে ২০২৫ এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের পরিকল্পনা-০৩ শাখার স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৪১.১৮.০২৯.১৮-২৯১ তারিখ: ২৪ জুন ২০২৫ এর প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জোনের লালমনিরহাট ও কুড়িগ্রাম জেলার আপৎকালীন কাজের অভিযোগের প্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয় কর্তৃক সরেজমিন তদন্ত পূর্বক প্রেরিত তদন্ত প্রতিবেদনের আলোকে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:-

১। লালমনিরহাট এবং কুড়িগ্রাম উভয় জেলাতেই মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাদের স্ব স্ব দায়-দায়িত্ব যথাযথভাবে পালন করার বিষয়টি নিশ্চিত করতে হবে।

২। তিন বছরের অধিক একই কর্মস্থলে কর্মরত উপ-সহকারী প্রকৌশলীদের দ্রুত অন্যত্র বদলী করা প্রয়োজন তবে পার্শ্ববর্তী জেলায় বদলী না করাই উত্তম।

৩। উপ-সহকারী প্রকৌশলী, উপ-বিভাগীয় প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলী পর্যায়ে আরও নিবিড়ভাবে কাজ তদারকি করা প্রয়োজন।

৪। নতুন উপ-বিভাগীয় প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলীদের মাঠে প্রেরণের আগে ৭/১৫ দিনের মাঠ পর্যায়ে বাস্তবতা ও করণীয় বিষয়ক প্রশিক্ষণ ও মটিভেশন প্রয়োজন।

৫। Pilot ভিত্তিতে গুরুত্বপূর্ণ নদ-নদী, শাখা ও উপনদীর মানচিত্র প্রস্তুত করা প্রয়োজন।

ক) বিভিন্ন সময়ে নদীর পানির RL বছর ভিত্তিক এবং পানিতে সেডিমেন্ট এর পরিমাণ উল্লেখ থাকতে হবে।

খ) নদীর ভাংগন/Wave Action এর উল্লেখ থাকতে হবে।

গ) বিগত দশ বছরের ভাংগন ও গতিপথ পরিবর্তনের ম্যাপ থাকতে হবে।

ঘ) বিগত ১০/১৫ বছরে সংশ্লিষ্ট এলাকায় চর সৃষ্টির সংখ্যা এবং তার পরিমাণ উল্লেখ থাকতে হবে।

৬। টাস্কফোর্সকে বস্তা গণনার সময় sampling এর সূত্র যথাযথভাবে অনুসরণ করে বস্তার ওজন পরিমাপ করতে হবে।

উপরোক্ত সুপারিশসমূহ অবিলম্বে বাস্তবায়নের নিমিত্ত নিম্নবর্ণিত দপ্তর সমূহকে নির্দেশ প্রদান করা হলো:

| সুপারিশের ক্রমিক নং | প্রতিপালনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও দপ্তর | প্রতিপালনের অগ্রগতি মনিটরিং এর দায়িত্ব |
|---|---|---|
| ১ এবং ৩ | প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর। | অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন) |
| ২ | পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) |
| ৪ | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, প্রশিক্ষণ পরিদপ্তর ও মানব সম্পদ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) |
| ৫ (ক) | প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা। | অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা, নকশা ও গবেষণা)) |
| ৫ (খ) (গ) (ঘ) | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কেন্দ্রীয় জি আই এস পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। | প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাপাউবো, ঢাকা। |
| ৬ | প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাপাউবো, ঢাকা। | --- |

২। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০১/০৭/২০২৫

(ওবায়দুল ইসলাম)
পরিচালক (বোর্ড)
সেল#০১৭১১৪৮২৭০০

CamScanner

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯- ১৮৫ ০১ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিতরণ (জ্ঞাতার্থে):**

১. সচিবের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

২. অতিরিক্ত সচিব (পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

১/৭/২৫
মু নূরুল আমীন
উপ-পরিচালক (বোর্ড)

স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.১৯- ১৮৫ ০১ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দ

**বিতরণ (কার্যার্থে/জ্ঞাতার্থে):**

১। প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাপাউবো, ঢাকা।

২। প্রধান প্রকৌশলী, উত্তরাঞ্চল, বাপাউবো, রংপুর।

৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, প্রশিক্ষণ ও মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৪। পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কেন্দ্রীয় জি আই এস পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৬। সি.এস.ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

৮-১২। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/ অর্থ/ পূর্ব রিজিয়ন/ পশ্চিম রিজিয়ন/ পরিকল্পনা, নকশা ও গবেষণা) বাপাউবো, ঢাকা।

১৩। অফিস কপি/মাস্টার কপি।

১/৭/২৫
মু নূরুল আমীন
উপ-পরিচালক (বোর্ড)

CamScanner